

১ম প্রান্তিক মূল্যায়ন – ২০২৪ খ্রি.  
১০১ নং দিগনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়  
ক্লাস্টারঃ দিগনগর, মুকসুদপুর, গোপালগঞ্জ।

শ্রেণিঃ ৫ম  
বিষয়ঃ হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা

সময়ঃ ২:৩০ ঘন্টা

পূর্ণমানঃ ১০০

প্রশ্নগুলোর উত্তর দাও।

১. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ:

২ × ১৫ = ৩০

- ক. জীব বলতে কী বুঝ?
- খ. জীবকে ভালোবাসলে ঈশ্বরকে ভালোবাসা হয় কেন?
- গ. ব্রাহ্মণের আর্থিক অবস্থা কেমন ছিল?
- ঘ. জীব সেবার দুইটি উদাহরণ দাও।
- ঙ. রাম কেন বনে গিয়েছিলেন ?
- চ. উপাসনা কাকে বলে?
- ছ. সনাতন শব্দের অর্থ কী?
- জ. কীভাবে প্রার্থনা করতে হয়?
- ঝ. ব্রহ্মা কিসের দেবতা?
- ঞ. উপাসনার দুইটি আসনের নাম লিখ।
- ট. ৪ জন বৈদিক দেবতার নাম লিখ।
- ঠ. জন্মান্তর কাকে বলে?
- ড. মোক্ষ কাকে বলে?
- ঢ. নিত্য কর্ম কয় প্রকার?
- ণ. ভালো কাজ কী?

২। শূন্যস্থান পূরণ কর :

১ × ১২ = ১২

- ক. ঈশ্বরের কোন ..... নেই।
- খ. ব্রহ্মা ..... করেন।
- গ. .... পালনকর্তা।
- ঘ. আমরা ঈশ্বরের ..... করি।

ঙ. ব্রাহ্মণ.....করে খাবার সংগ্রহ করে।

চ. জীবকে ঈশ্বর জ্ঞানে ..... করব।

ছ. পৃথিবীতে ঈশ্বরের অবতরনকে ..... বলে।

জ. প্রহ্লাদ ছিলেন ..... ভক্ত।

ঝ. ভৃগুরাম ছিলেন ..... উপাসক।

ঞ. ঈশ্বর ..... ও অদ্বিতীয়।

ট. উপাসনার সময় আমরা ..... প্রশংসা করি।

ঠ. হিন্দু ধর্মের আরেক নাম.....।

৩. বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল করে বাক্য লিখ। ২× ৫=১০

ক. মন্ত্র ও শেস্তাক শুদ্ধভাবে আবৃত্তি করা হয়।	দীনতার ভাব থাকতে হবে।
খ. উপাসনা মানুষকে সৎপথে	সাকার উপাসনা।
গ. প্রার্থনার সময় মনে	প্রার্থনা করার সময়।
ঘ. ঈশ্বরকে ব্রহ্মজ্ঞানে উপাসনা করাই	পরিচালিত করে।
ঙ. বিভিন্ন দেব-দেবীকে প্রতিমায় আরাধনা করা	পূজা করা হয়।
	নিরাকার উপাসনা।

৪. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

৬ × ৮ = ৪৮

- ক. ঈশ্বর ও জীবের সম্পর্ক বুঝিয়ে লিখ।
- খ. অবতার বলতে কী বোঝায়? যেকোনো একজন অবতারের পরিচয় দাও।
- গ. ঈশ্বর ও দেব দেবীর সম্পর্কে ৬টি বাক্য লিখ।
- ঘ. কীভাবে জীব সেবা করা যায় ৬টি বাক্যে লিখ।
- ঙ. উপাসনা কত প্রকার ও কী কী? সাকার ও নিরাকার উপাসনার বর্ণনা দাও।
- চ. প্রার্থনার প্রয়োজনীয়তা ৬টি বাক্যে লিখ।
- ছ. সাকার শব্দের অর্থ কি? সাকার রূপে ঈশ্বরকে কিভাবে উপাসনা করা যায়? ঈশ্বরের ৪ টি সাকার রূপের নাম লিখ।
- ঝ. তোমার পাঠপুস্তকে উল্লিখিত রবীন্দ্রনাথ ঠাকুরের বাংলা প্রার্থনামূলক কবিতাটি লেখ।
- ঞ. শ্রীমদ্ভাগবত গীতার মন্ত্রটি লিখ।